নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ১১,৩৪৭ তারিখঃ ২৩/১২/২১
গ্রহণকারী ঃ
অ: স: | স: প্র: | উ: বি: প্র: | নি: প্র:

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৩
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬২৯১৩
**www.pwd.gov.bd**

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৬.০০৪.(অংশ-৫).২১- ১৫৫৭/১

তারিখঃ ০৭/০৯/ ১৪২৭ বঙ্গাব্দ
২২/১২/২১ ২০২১খ্রিষ্টাব্দ

বিষয়ঃ প্রথম শ্রেণি (সম্মলিত) ঠিকাদারি প্রতিষ্ঠান সাজ এন্টারপ্রাইজ, মালিক-সৈয়দ নাছির আলী এর মৃত্যু জনিত কারণে মালিকানা ও ঠিকানা পরিবর্তন এবং ২০২১-২০২২ সনের নবায়ন ফি জমা দেওয়ার অনুমতি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, তালিকাভুক্তি বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক প্রথম শ্রেণি (সম্মিলিত) ঠিকাদারি প্রতিষ্ঠান সাজ এন্টারপ্রাইজ, (ক্রমিক নং-১৯২৫/২০১৮-২০১৯), মালিক-সৈয়দ নাছির আলী এর মৃত্যু জনিত কারণে তার স্ত্রী ফিরোজা খানম এর নামে মালিকানা ও ঠিকানা পরিবর্তন এবং ২০২১-২০২২ সনের নবায়ন ফি জমা দেওয়ার অনুমতি প্রদান করা হলো।

(ক) এখন হতে উক্ত প্রতিষ্ঠানের নতুন মালিক-জনাব ফিরোজা খানম, গণপূর্ত অধিদপ্তরের সাথে যাবতীয় কাজ সম্পাদন ও স্বাক্ষর করতে পারবেন।

(খ) মালিক জনাব ফিরোজা খানম এর ছবি, নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম), গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সত্যায়িত পার্শ্বে গ্রথিত হলো।

(গ) জনাব ফিরোজা খানম যথারীতি গণপূর্ত অধিদপ্তরের সঙ্গে পূর্বের নামে সকল কাজের দায়-দায়িত্ব বহন করতে বাধ্য থাকবেন।

(ঘ) নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা এর দপ্তরে এ আদেশ দেখিয়ে রেজিস্ট্রেশন বইয়ে বর্তমান মালিক এর ছবি গ্রথিত ও নমুনা স্বাক্ষর লিপিবদ্ধ করবেন।

(ঙ) আবেদন পত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র ভুয়া প্রমাণিত হলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

(চ) তালিকাভুক্তির বিধিমালা ও প্রকিউরমেন্ট রুল মেনে চলতে হবে।

ছবি

২১.১২.২০২১
(নন্দিতা রাণী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২৩৩৮০৯৯৯
ই- মেইল: se_est@pwd.gov.bd

সাজ এন্টারপ্রাইজ
মালিক-জনাব ফিরোজা খানম
ঠিকানা-১০/১, নয়া পল্টন (নীচ তলা), ঢাকা।

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৬.০০৪.(অংশ-৫).২১- ১৫৫৭/১(১০)

তারিখঃ ০৭/০৯/ ১৪২৮বঙ্গাব্দ
২২/১২/২১ ২০২১খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এম.আই.এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা। ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিকানা ও ঠিকানা পরিবর্তনের আদেশ প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন বইয়ে লিপিবদ্ধ করতে হবে অথবা বিদ্যমান বই বাতিল করে মূল্য প্রদান সাপেক্ষে নতুন বই ইস্যু করতঃ তালিকাভুক্তি ক্রমিক নম্বর ও সন লিপিবদ্ধ ও বিধি মোতাবেক ২০২১-২০২২ সনের নবায়ন ফি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৩। গার্ড ফাইল।

২১/১২/২১
(আইনুন নাহার এ্যানি)
নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৫৪৫৫৪